দৈনিক বাংলা

তারিখ 26 OCT 1991
পৃষ্ঠা ৭ কলাম ২

১২২টি শূন্য পদে শিক্ষক নিয়োগ দাবী

# টাঙ্গাইলে একমাস যাবৎ কলেজ প্রভাষকদের ক্লাস বর্জন

।। নিজস্ব সংবাদদাতা ।।

টাঙ্গাইল, ২৪শে অক্টোবর।– জেলার ৪টি সরকারী কলেজের প্রভাষকরা ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে মাসাধিক-কাল ধরে ক্লাস বর্জন করে যাচ্ছেন। এ ৪টি কলেজে ২৯৫টি পদের মধ্যে ১শ ২২টি শিক্ষকের পদ শূন্য রয়েছে।

বাংলাদেশ সরকারী প্রভাষক সমিতি, টাঙ্গাইল জেলা শাখা সম্প্রতি এক সাংবাদিক সম্মেলনে তাদের ১২ দফা দাবীর যৌক্তিকতা ব্যাখ্যা করেন। সমিতির সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান জানান, চাকরির শর্ত অনুযায়ী প্রভাষক থেকে ৫ বছরের মধ্যে সহযোগী অধ্যাপক ১০ বছরের মধ্যে সহযোগী অধ্যাপক এবং ১২ বছরের সময় অধ্যাপক পদে পদোন্নতি দেয়ার কথা থাকলেও টাঙ্গাইলেই ২০ জন প্রভাষক রয়েছেন যারা ২৪ বছর ধরে একই পদে চাকরি করছেন। তাদের কোন পদোন্নতি হচ্ছে না। দেশের অপর কোন সরকারী চাকরিতে এমন অনিয়ম আর নেই। অথচ দেশে ৩ হাজার ৭শ ৬৮টি শিক্ষকের পদোন্নতির পদ শূন্য রয়েছে এবং পদোন্নতিযোগ্য শিক্ষক রয়েছেন। ৩ হাজার ৬শ ৬৮ জন। সকলকে পদোন্নতি দেয়ার পরও ১শটি শূন্য পদ

টাঙ্গাইলের সরকারী সাদত বিশ্ব-বিদ্যালয় কলেজে একশ ৪টি পদের মধ্যে শিক্ষক আছেন ৬২ জন, সরকারী কুমুদিনী মহিলা কলেজে ৬৬টি পদের মধ্যে শিক্ষক আছেন ৩৬ জন, মওলানা মোহাম্মদ আলী সরকারী কলেজে ৬৬টি পদের মধ্যে ৫০টি এবং নাগরপুর সরকারী কলেজে ৫৯টি পদের মধ্যে শিক্ষক আছেন ২৫ জন। অর্থাৎ ২শ ৯৫টি পদের মধ্যে শিক্ষক আছেন ১শ ৭৩ জন এবং পদ শূন্য রয়েছে একশ ২২টি। সারাদেশে ৬ হাজার একশ ৩২টি প্রভাষকের পদ শূন্য রয়েছে বলে তারা জানান।

নেতৃবৃন্দ আরো জানান, ফাউন্ডেশন ট্রেনিং এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরও শত শত শিক্ষকের পদোন্নতি হচ্ছে না।

গত এইচএসসি পরীক্ষার পূর্বে প্রভাষকদের আন্দোলনের সময় এক হাজার দু'শ ৩৪ জন প্রভাষকের পদোন্নতি দেয়ার শিক্ষামন্ত্রীর প্রতিশ্রুতি এখনো কার্যকর হয়নি বলে সমিতির নেতৃবৃন্দ অভিযোগ করেন।

সরকারী কলেজের প্রভাষকসহ অন্যান্য পদে পদোন্নতির ক্ষেত্রে চরম অব্যবস্থা দূর করে ক্যাডার সার্ভিসের চাকুরেদের মত নিয়ম চালু করার জন্য সরকারের প্রতি নেতৃবৃন্দ জোর দাবী জানান।

44